

আগৈলঝাড়ায় শিশুরা বছরের প্রথম দিনে সব বই পাচ্ছে না!

৯ হাজার ৬শ' সেট ইংরেজি বই সংকট

■ আগৈলঝাড়া (খরিপাদ) মহোদয়তা প্রাথমিক শিক্ষার্থীদের মধ্যে বছরের প্রথম দিনে নতুন বই বিতরণের আর যাত্রা চারদিন ব্যক্তি থাকলেও খরিপাদের আগৈলঝাড়ায় এখনও চাহিদানুযায়ী বই সরবরাহ করতে পারেনি ঠিকাদারি প্রতিষ্ঠান। তাই বছরের প্রথম দিন ছাত্রদের হাতে নতুন বই পাওয়া অনিশ্চিত হয়ে পড়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, উপজেলা সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের চাহিদানুযায়ী ২০১৩ শিক্ষাবর্ষের জন্য প্রথম শ্রেণিতে ৪ হাজার ৮শ' সেট, দ্বিতীয় শ্রেণিতে ৪ হাজার ৬শ' সেট, তৃতীয় শ্রেণিতে ৪ হাজার ৮শ' সেট, চতুর্থ শ্রেণিতে ৪ হাজার ৮শ' সেট ও পঞ্চম শ্রেণিতে ৪ হাজার সেট বইর চাহিদার বিপরিতে প্রথম ও দ্বিতীয় শ্রেণির ইংরেজি ৪ হাজার ৮শ' সেট করে মোট ৯ হাজার ৬শ' সেট বই গতকাল বুধবার পর্যন্ত সরবরাহ করতে পারেনি ঠিকাদারি প্রতিষ্ঠান গবসম্ম পেপার সি। তাই নতুন বছরের প্রথম দিনে প্রথম ও দ্বিতীয় শ্রেণির কোনদর্শিত পিত শিক্ষার্থীরা অন্যান্য বই হাতে পেলেও ইংরেজি বই পাবেনা বলে আপাতক। তবে কবে নাগাদ ঠিকাদার বই সরবরাহ করতে পারবে তাও বলতে পারেনি উপজেলা শিক্ষা অফিস। এ

ব্যাপারে ঠিকাদারি প্রতিষ্ঠানের মেল জেনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও সংযোগ পাওয়া যায়নি।